37

দৈনিক ইনকিলাব

তারিখ 04 NOV 1994
পৃষ্ঠা ৬ কলাম ৫

## ঢাঃ বিঃ-এ বাংলাদেশ মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র নামে একটি গবেষণা কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশের স্বাধীনতার ২৫ বছর পূর্তি ক্ষণ আসন্ন। অথচ এই দীর্ঘ সময়ে মুক্তিযুদ্ধের উপর তেমন কোন সৃজনশীল গবেষণা ও তথ্যবহুল প্রকাশনা আত্মপ্রকাশ না করায় এই বিষয়গুলোকে সামনে রেখে এবং ভবিষ্যৎ প্রজন্মের আকাঙ্খাকে ধারণ করে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলে গৃহীত এক সিদ্ধান্তের প্রেক্ষিতে এই গবেষণা কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়।

যাদের সমন্বয়ে এই কেন্দ্রের পরিচালনা কমিটি গঠিত হয়েছে তাদের মধ্যে রয়েছেন (১) ভিসি-চেয়ারম্যান, (২) ডঃ সিরাজুল ইসলাম, অধ্যাপক, ইতিহাস বিভাগ, সদস্য, (৩) ডঃ আনিসুজ্জামান, অধ্যাপক, বাংলা বিভাগ, সদস্য, (৪) ডঃ আবুল কালাম, অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, সদস্য (৫) ডঃ আমীর হোসেন খান, অধ্যাপক, রসায়ন বিভাগ, সদস্য; (৬) ডঃ এ, কে, এম নূরুল ইসলাম, অধ্যাপক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, সদস্য এবং (৭) ডঃ হুমায়ুন কবির, অধ্যাপক, আইএসআরটি, সদস্য। উল্লেখ্য, এর গঠনতন্ত্র সম্পর্কে ভবিষ্যতে সুচিন্তিত পদক্ষেপ গ্রহণ করা হবে। প্রেস বিজ্ঞপ্তি।